

## একাডেমিক কার্যক্রম

- ১। ব্যাচেলর অব এডুকেশন (বিএড) সম্মান (৪ বছর মেয়াদী)
- ২। মাস্টার অব এডুকেশন (এমএড) ডিগ্রী ১ বছর মেয়াদী
- ৩। ব্যাচেলর অব এডুকেশন (বিএড) প্রফেশনাল (১ বছর মেয়াদী)
- ৪। মাস্টার অব এডুকেশন (এমএড) প্রফেশনাল (১ বছর মেয়াদী)

ব্যাচেলর অব এডুকেশন (বিএড) সম্মান: ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষ থেকে সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনায় বিএড (সম্মান) ডিগ্রী কোর্সটি আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে। শুরুতে ৫০টি আসন নিয়ে এই কার্যক্রম শুরু হয়। বর্তমানে বিএড (সম্মান) ডিগ্রীতে ৪টি ব্যাচে শিক্ষার্থীরা অধ্যয়নরত রয়েছে। উচ্চ মাধ্যমিক পরীক্ষা (HSC) উত্তীর্ণ শিক্ষার্থীরা এই কোর্সে ভর্তি হতে পারবে। চার (৪) বছরে মোট ৩৮ বিষয় সম্পন্ন করার মাধ্যমে বিএড (সম্মান) ডিগ্রীটি সম্পন্ন করতে হয়। বিএড (সম্মান) ডিগ্রীতে ভর্তির যোগ্যতা সম্পর্কে বিস্তারিত জানতে ভর্তি ট্যাব ভিজিট করুন।

মাস্টার অব এডুকেশন (এমএড): নিয়মিত বিএড (সম্মান) ডিগ্রী সম্পন্ন করার পর শিক্ষার্থীরা এমএড ডিগ্রী কোর্সে ভর্তি হতে পারবে। এমএড ডিগ্রীর মেয়াদ ১ বছর। শিক্ষাবিজ্ঞান সম্পর্কে শিক্ষার্থীদের জ্ঞানের গভীরতা ও পরিধি আরো সমৃদ্ধি করা এই কোর্সের উদ্দেশ্য। এমএড কোর্সে ভর্তির যোগ্যতা সম্পর্কে বিস্তারিত জানতে ভর্তি ট্যাব ভিজিট করুন।

ব্যাচেলর অব এডুকেশন (বিএড) প্রফেশনাল কোর্স (১ বছর মেয়াদী): শিক্ষকতা ও শিক্ষা সংশ্লিষ্ট বিভিন্ন পর্যায়ে কর্মরত ব্যক্তিবর্গ এবং যারা ভবিষ্যতে শিক্ষাক্ষেত্রে ক্যারিয়ার গড়ে তুলতে তাদের পেশাদারিত্ব বৃদ্ধি করাই এই কোর্সের উদ্দেশ্য। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ ও অন্যান্য বিশ্ববিদ্যালয় থেকে সম্মান ডিগ্রী বা ডিগ্রী (পাস) কোর্সে উত্তীর্ণ শিক্ষার্থীরা ব্যাচেলর অব এডুকেশন (বিএড) প্রফেশনাল কোর্সে ভর্তি হতে পারবেন। এছাড়াও প্রাথমিক, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও কলেজ পর্যায়ে কর্মরত শিক্ষকমণ্ডলী ও কর্মকর্তাবৃন্দ ডেপুটেশন নিয়ে অথবা গভর্নিং বডি বা ম্যানিজিং কমিটি অনুমতি নিয়ে ব্যাচেলর অব এডুকেশন (বিএড) প্রফেশনাল কোর্সটি সম্পন্ন করতে পারবেন। ব্যাচেলর অব এডুকেশন (বিএড) প্রফেশনাল কোর্সে ভর্তি প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিতভাবে জানতে ভর্তি ট্যাব ভিজিট করুন।

মাস্টার অব এডুকেশন (এমএড) প্রফেশনাল কোর্স (১ বছর মেয়াদী): ব্যাচেলর অব এডুকেশন (বিএড) সম্পন্নকারী শিক্ষার্থীরা এমএড কোর্সে ভর্তি হতে পারবেন। এই কোর্সের উদ্দেশ্য হল অধ্যয়নরত শিক্ষার্থীদের মাঝে নেতৃত্বের গুণাবলী, প্রশাসনিক দক্ষতা ও বহির্বিশ্বের শিক্ষা ব্যবস্থা সম্পর্কে পরিচিত করা। যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় ও কলেজ থেকে বিএড ডিগ্রী অর্জনকারী শিক্ষার্থীরা এমএড কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবেন। ভর্তি প্রক্রিয়া সম্পর্কে জানতে ভর্তি ট্যাব ভিজিট করুন।